

# সমকাল

## স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবি

৯ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

নিবন্ধনপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণে সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল সোমবার জাতীয় প্রেস ক্লাবে এ কর্মসূচি পালিত হয়। এ সময় আট দফা দাবি তুলে ধরেন শিক্ষকরা। মানববন্ধন শেষে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেয়।

এই শিক্ষকদের দাবিগুলো হলো- প্রাথমিকের ন্যায় মাদ্রাসা বোর্ডের নিবন্ধনপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা সরকারি করা, কোডবিহীন মাদ্রাসাগুলো মাদ্রাসা বোর্ডের কোড নম্বরে অন্তর্ভুক্ত করা, অফিস সহায়ক নিয়োগ, মাদ্রাসার শিক্ষকদের পিটিআই ট্রেনিংয়ের ব্যবস্থা করা, ইবতেদায়ি মাদ্রাসাগুলোতে আসবাবপত্র সরবরাহসহ ভবন নির্মাণ, পূর্বের ন্যায় এইচএসসি (মানবিক) শিক্ষকদের নীতিমালায় অন্তর্ভুক্ত করা, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাগুলোর স্থায়ী নিবন্ধন ব্যবস্থা চালু এবং পাঠদানের অনুমতি স্থগিতাদেশ ২০০৮ প্রত্যাহার।

সমিতির সভাপতি মাওলানা হাফেজ কাজী ফয়জুর রহমানের সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন মহাসচিব কাজী মোখলেছুর রহমান, সহসভাপতি মোহাম্মদ শাহজাহান, এবিএম আব্দুল কুদ্দুস, আবু মুসা ভূঁইয়া, ইসতাজ বিন হাকিম, শামছুল আলম, আব্দুর রাজ্জাক, নাসরিন বেগম প্রমুখ।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল: ad.samakalonline@outlook.com